গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ শাখা

**তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**
**(জুলাই-সেপ্টেম্বর ২০২১ খ্রি:)**

**সভাপতি : সৈয়দ মুহাম্মদ কাওছার হোসেন**
**উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা)**
**তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রি:, সকাল ১০.০০ টা**
**স্থান : প্রশাসন ও সমন্বয় অনুবিভাগের সম্মেলন কক্ষ**
**(কক্ষ নং-১৬২০, ১৬ তলা, ভবন নং-১১)**

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো :

(১) জনাব খালেদা নাছরিন, উপসচিব (প্রবিধি-১), অর্থ বিভাগ

(২) জনাব মো: শাহিন রেজা, সিনিয়র সহকারী সচিব (গৃহ নির্মাণ ঋণ সেল), অর্থ বিভাগ

(৩) জনাব রেফায়েত উল্লাহ মোহাম্মদ খলিলুর রহমান, সিনিয়র সহকারী সচিব, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-৩, অর্থ বিভাগ

(৪) জনাব মো: রুহুল আমিন মল্লিক, সহকারী সচিব, প্রশাসন-১, অর্থ বিভাগ

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, বর্তমান সরকার জনবান্ধব সরকার। জনগণ যাতে সহজে প্রয়োজনীয় তথ্য পেতে পারে সেজন্য সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করেছে। এই আইন অনুযায়ী নির্ধারিত ফরমে দেশের যেকোন নাগরিক তথ্য পাওয়ার জন্য আবেদন করতে পারেন এবং তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারীকে তথ্য সরবরাহ করতে হবে। কোন নাগরিক তথ্য প্রাপ্তির জন্য আবেদন করলে নির্ধারিত সময়ের মধ্যেই যাতে আবেদনকারীকে তথ্য সরবরাহ করা যায় তার উপর তিনি গুরুত্বারোপ করেন। এ বিষয়ে অর্থ বিভাগের সকল কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা অপরিহার্য মর্মে সভায় সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয়। উপস্থিত কমিটির সকল সদস্য আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাঁরা তাঁদের মতামত ব্যক্ত করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

৩.১। তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করতে হবে;

৩.২। তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৩.৩। তথ্য অধিকার সংক্রান্ত যেসব তথ্য জনসাধারণকে জানানো প্রয়োজন তা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৩.৪। স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য নির্ধারিত সময়ে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

(অ: পৃ: দ্র:)

৩.৫। তথ্য অধিকার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশ করতে হবে;

৩.৬। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করতে হবে এবং

৩.৭। তথ্য অধিকার বিষয়ে অর্থ বিভাগের প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা হতে তদূর্ধ্ব সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ অধিশাখা এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সৈয়দ মুহাম্মদ কাওছার হোসেন)
উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা) ৩০/৯/২১
ও
সভাপতি, তথ্য অধিকারসহ অন্যান্য কার্যক্রম
বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটি
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৪.০০৪.২১. ২৮৪ তারিখ : ৩০/০৯/২০২১ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
(দৃ: আ: উপসচিব, সুশাসন অধিশাখা, পরিবহন পুল ভবন, ৮ম তলা)
২। উপসচিব, প্রশিক্ষণ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। উপসচিব, বাজেট ও পরিকল্পনা-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৫। সভায় উপস্থিত কর্মকর্তা.................................................................................., অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
(সভার কার্যবিবরণী অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(মো: রুহুল আমিন মল্লিক)
সহকারী সচিব
ফোন : ৯৫৭৬০২৩